

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৫৬

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - জিহ্বার হিফাযাত, গীবত এবং গালমন্দ প্রসঙ্গে

### আরবী

وَعَن وَاثِلَة

قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «لَا تظهر الشماتة لأخيك فِي وَيَبْتَلِيَكَ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَديثٌ حَسَنٌ غَريبٌ

### বাংলা

৪৮৫৬-[৪৫] ওয়াসিলাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তুমি তোমার কোন মুসলিম ভাইকে বিপদগ্রস্ত দেখে আনন্দ প্রকাশ করো না। হতে পারে আল্লাহ তা'আলা তাকে অনুগ্রহ করবেন, আর তোমাকে অধঃপতিত করে দেবেন। [তিরমিযী; আর ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) বলেনঃ এ হাদীসটি হাসান, গরীব।][1]

## ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ২৫০৬, য'ঈফ আত্ তারগীব ওয়াত্ তারহীব ১৪৭০, য'ঈফুল জামি' ৬২৪৫, শু'আবুল ঈমান ৬৭৭৭, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৭৫৯৩।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, ''মাকহূল'' নামের বর্ণনাকারী ওয়াসিলাহ্ ইবনুল আস্ক<sup>4</sup> হতে হাদীস শোনেননি। সিলসিলাতু্য্ য'ঈফাহ্ ৫৪২।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (نَا تظهر الشماتة) শক্রর বিপদে আনন্দ প্রকাশ করো না। (لأخيك) তোমার মুসলিম ভাইয়ের কোন দুনিয়াবী অথবা দীনী বিপদের কারণে অথবা শারীরিক ও আর্থিক বিপদে। فَيَرْحَمَهُ اللهُ তাহলে আল্লাহ তোমার মুখ মলিন করে তাকে অনুগ্রহ করবেন। (وَيَبْتَلِيك) আর তোমাকে পরীক্ষায় ফেলবেন যেহেতু তুমি তার ওপর তোমার প্রশংসা প্রকাশ করলে এবং মর্যাদাকে বাড়ালে। (তুহফাতুল আহ্ওয়াযী ৬৯ খন্ড, হাঃ ২৫০৬)



### হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ ওয়াসিলাহ ইবনু আসকা' (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন